

💵 কিতাবুত তাওহীদ

বিভাগ/অধ্যায়ঃ ১ হতে ৬৭ তম অধ্যায় রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মদ বিন আব্দুল ওহহাব

৪০ - আল্লাহর 'আসমা ও সিফাত' [নাম ও গুণাবলী] অস্বীকারকারীর পরিণাম

🕽 । আল্ল**া**হ তাআলা এরশাদ করেছেন.

وَهُمْ يَكْفُرُونَ بِالرَّحْمَنِ (ألرعد: 30)

''এবং তারা রহমান [আল্লাহর গুণবাচক নাম] কে অস্বীকার করে।'' (রা'দ: ৩০)

২। সহীহ বুখারীতে বর্ণিত একটি হাদীসে আলী রা. বলেন,

حدثوا الناس بما يعرفون أتريدون أن يكذب الله ورسوله

"লোকদেরকে এমন কথা বলো, যা দ্বারা তারা [আল্ল**াহ ও রাসূল সম্পর্কে সঠিক কথা জানতে পারে**। তোমরা কি চাও যে, আল্ল**াহ এবং তাঁর রাসূলকে মিথ্যা প্রতিপন্ন** করা হোক?"

৩। ইবনে আববাস রা. থেকে বর্ণিত আছে, আল্ল**া**হর গুণাবলী সম্পর্কে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল**াম** থেকে একটি হাদীস শুনে এক ব্যক্তি আল্ল**া**হর গুণকে অস্বীকার করার জন্য একদম ব্যস্ত হয়ে পড়েছিলো তখন তিনি বললেন, এরা এ উভয়ের মধ্যে পার্থক্য কি করে করলো? তারা মুহকামের [বা সুস্পষ্ট] আয়াত ও হাদিসের ক্ষেত্রে নমনীয়তা দেখালো, আর মুতাশাবাহ [অস্পষ্ট আয়াত ও হাদিসের ক্ষেত্রে] ধ্বংসাত্মক পথ অবলম্বন করলো?"

কুরাইশরা যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসালাম এর কাছে [আল্লাহর গুণবাচক নাম] 'রাহমানের] উল্যেখ করতে শুনতে পেলো, তখন তারা 'রাহমান' গুণটিকে অস্বীকার করলো এ প্রসঙ্গেই وهم يكفرون بالرحمن আয়াতটি নাযিল হয়েছে।

- এ অধ্যায় থেকেনিম্নোক্ত বিষয়গুলো জানা যায় .
- ১& আল্লাহর কোন নাম ও গুণ অস্বীকার করার অর্থ হচ্ছে ঈমান না থাকা।
- ২। সূরা রাদের وهم يكفرون بالرحمن এর তাফসীর।
- ৩। যে কথা শ্রোতার বোধগম্য নয়, তা পরিহার করা।
- ৪। অস্বীকারকারীর অনিচ্ছা সত্তেও যেসব কথা আল্ল**াহ ও তাঁর রাসূলকে মিথ্যা প্রতিপন্ন করার দিকে নি**য়ে যায়, এর কারণ কি? তার উল্লেখ।
- ৫। ইবনে আববাস (রা.) এর বক্তব্য হচ্ছে, আল্ল**াহর নাম ও গুণাবলীর কোন একটি অস্বীকারকারী**র ধ্বংস অনিবার্য।



• Source — https://www.hadithbd.com/books/link/?id=5116

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন